রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জুন ৬, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরি বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/৩০ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও, নম্বর-১১২-আইন/২০২২।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬, (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন **'স মিলস্'** শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-ক ও তফসিল-খ তে বর্ণিত মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরি হার হিসাবে ঘোষণা করিল, যথা :—

**তফসিল-ক**

**শ্রমিকের নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি | সিটি কর্পোরেশন, পৌরসভা ও অন্যান্য এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০%, পৌরসভা এলাকায় মূল মজুরির ৪৫% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) | দৈনিক মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | **দক্ষ (গ্রেড-১):** মিস্ত্রি/অপারেটর | সিটি কর্পোরেশন | ১৬৯০০/- | ৮৪৫০/- | ১৫০০/- | ১০০০/- | ২৭৮৫০/- | ১০৭৫/- |
| | | পৌরসভা | ১৬৯০০/- | ৭৬০৫/- | ১৫০০/- | ১০০০/- | ২৭০০৫/- | ১০৪০/- |
| | | অন্যান্য এলাকা | ১৬৯০০/- | ৬৭৬০/- | ১৫০০/- | ১০০০/- | ২৬১৬০/- | ১০১০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২। | **দক্ষ (গ্রেড-২):** সহকারী মিস্ত্রি/ সহকারী অপারেটর | সিট কর্পোরেশন | ১৩০০০/- | ৬৫০০/- | ১৫০০/- | ১০০০/- | ২২০০০/- | ৮৫০/- |
| | | পৌরসভা | ১৩০০০/- | ৫৮৫০/- | ১৫০০/- | ১০০০/- | ২১৩৫০/- | ৮২৫/- |
| | | অন্যান্য এলাকা | ১৩০০০/- | ৫২০০/- | ১৫০০/- | ১০০০/- | ২০৭০০/- | ৮০০/- |
| ৩। | **আধা দক্ষ (গ্রেড-৩):** পুলার (টানোয়া) | সিট কর্পোরেশন | ১১৮০০/- | ৫৯০০/- | ১৫০০/- | ১০০০/- | ২০২০০/- | ৭৮০/- |
| | | পৌরসভা | ১১৮০০/- | ৫৩১০/- | ১৫০০/- | ১০০০/- | ১৯৬১০/- | ৭৬০/- |
| | | অন্যান্য এলাকা | ১১৮০০/- | ৪৭২০/- | ১৫০০/- | ১০০০/- | ১৯০২০/- | ৭৩০/- |
| ৪। | **অদক্ষ (গ্রেড-৪):** হেলপার ও অন্যান্য শ্রমিক | সিট কর্পোরেশন | ১১০০০/- | ৫৫০০/- | ১৫০০/- | ১০০০/- | ১৯০০০/- | ৭৩০/- |
| | | পৌরসভা | ১১০০০/- | ৪৯৫০/- | ১৫০০/- | ১০০০/- | ১৮৪৫০/- | ৭১০/- |
| | | অন্যান্য এলাকা | ১১০০০/- | ৪৪০০/- | ১৫০০/- | ১০০০/- | ১৭৯০০/- | ৬৯০/- |

**শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস :

তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়;

(খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ১১০০০ (এগার হাজার) টাকা/ দৈনিক মজুরি ৪৫০ (চারশত পঞ্চাশ) টাকা প্রাপ্ত হইবেন।

**তফসিল-খ**

**কর্মচারীর নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | সিটি কর্পোরেশন, পৌরসভা ও অন্যান্য এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০%, পৌরসভা এলাকায় মূল মজুরির ৪৫% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১:**<br>১। হিসাবরক্ষক<br>২। স্টোর কিপার<br>৩। টাইম কিপার<br>৪। টাইপিস্ট<br>৫। ক্লার্ক | সিট কর্পোরেশন | ১৩০০০/- | ৬৫০০/- | ১৫০০/- | ১০০০/- | ২২০০০/- |
| | | পৌরসভা | ১৩০০০/- | ৫৮৫০/- | ১৫০০/- | ১০০০/- | ২১৩৫০/- |
| | | অন্যান্য এলাকা | ১৩০০০/- | ৫২০০/- | ১৫০০/- | ১০০০/- | ২০৭০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | **গ্রেড-২:**<br>১। সহকারী হিসাবরক্ষক<br>২। স্টোর এ্যাসিসট্যান্ট<br>৩। টেলিফোন অপারেটর<br>৪। সেলসম্যান<br>৫। ড্রাইভার<br>৬। ক্যাশিয়ার | সিটি কর্পোরেশন | ১১৮০০/- | ৫৯০০/- | ১৫০০/- | ১০০০/- | ২০২০০/- |
| | | পৌরসভা | ১১৮০০/- | ৫৩১০/- | ১৫০০/- | ১০০০/- | ১৯৬১০/- |
| | | অন্যান্য এলাকা | ১১৮০০/- | ৪৭২০/- | ১৫০০/- | ১০০০/- | ১৯০২০/- |
| ৩। | **গ্রেড-৩:**<br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। মালি<br>৪। নাইট গার্ড<br>৫। সুইপার | সিটি কর্পোরেশন | ১১০০০/- | ৫৫০০/- | ১৫০০/- | ১০০০/- | ১৯০০০/- |
| | | পৌরসভা | ১১০০০/- | ৪৯৫০/- | ১৫০০/- | ১০০০/- | ১৮৪৫০/- |
| | | অন্যান্য এলাকা | ১১০০০/- | ৪৪০০/- | ১৫০০/- | ১০০০/- | ১৭৯০০/- |

**শিক্ষানবিশ কর্মচারীর ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল হইবে ৬ (ছয়) মাস :

(খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ১১০০০ (এগার হাজার) টাকা প্রাপ্ত হইবেন।

**শর্তাবলি :**

(১) তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার ‘স মিলস্’ শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

(২) তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

(৩) তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত শ্রমিক ও কর্মচারী বর্তামানে যেই গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

(৪) এই প্রজ্ঞাপন জারির পরবর্তীতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

(৫) তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত মজুরি মাসিক/দৈনিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

(৬) নিয়োগকর্তা বা মালিক পক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে, এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক বা কর্মচারীকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

(৭) উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক বা কর্মচারী ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী **'শ্রমিক'** বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক বা কর্মচারীর ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায় দায়িত্ব মালিক পক্ষের উপর বর্তাইবে এবং ঠিকাদার সরকার কর্তৃক শ্রমিক ও কর্মচারীর জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

(৮) শর্ত ৭ এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ১৫০ এবং ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৯) উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিক ও কর্মচারীকে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত হারে ও উপরিউক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

(১০) তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতা ব্যতীত শ্রমিক ও কর্মচারী কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা প্রাপ্য হন উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

(১১) তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ১ (এক) বৎসর কর্মরত থাকার পরবর্তীতে শ্রমিক ও কর্মচারীর মূল মজুরির ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে।

**ব্যাখ্যা :**
যদি এক জন শ্রমিকের মূল মজুরি ১১০০০ (এগার হাজার) টাকা হয় তবে, এক বৎসর কর্মরত থাকিবার পর তাহার বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া মূল মজুরি ১১৫৫০ (এগার হাজার পাঁচশত) টাকা নির্ধারিত হইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে অর্থাৎ মূল মজুরি ১১৫৫০ (এগারো হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার ৫% (শতকরা পাঁচ শতাংশ) বৃদ্ধি পাইয়া ১২১২৭.৫০ (বারো হাজার একশত সাতাশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা নির্ধারিত হইবে।

(১২) উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধান অনুযায়ী ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

(১৩) এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোনো বিষয় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www. bgpress.gov.bd